তারিখ ...21 NOV 2017...
পৃষ্ঠা ...4... কলাম ...2...

# গফরগাঁওয়ে অধ্যক্ষের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

## প্রতিবাদে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

■ গফরগাঁও (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের গফরগাঁও কারিগরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোহাম্মদ জোয়াহেরুল ইসলাম মোল্লার বিরুদ্ধে সহকর্মী এক নারী প্রভাষককে উত্ত্যক্ত ও যৌন হয়রানির অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদে গতকাল সোমবার সকালে শিক্ষার্থীরা কলেজ-সংলগ্ন গফরগাঁও-ময়মনসিংহ সড়ক প্রায় ১ ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ করে।

কলেজ সূত্রে জানা যায়, অধ্যক্ষ জোয়াহেরুল তার অধীন সহকর্মী নারী প্রভাষককে দীর্ঘদিন ধরে অশালীন কথা বলা, উত্ত্যক্ত করা, গালাগাল দেওয়াসহ নানাভাবে যৌন হয়রানি করে আসছিলেন। ওই প্রভাষকসহ অন্য সহকর্মী শিক্ষকরা এ ব্যাপারে প্রতিবাদ করলে অধ্যক্ষ জোয়াহেরুল তাদের সঙ্গেও খারাপ আচরণ করেন। এর আগে ওই প্রভাষক পূর্ববর্তী উপজেলা নির্বাহী কর্মকর্তা সিদ্ধার্থ শংকর কুণ্ডুর কাছে লিখিত অভিযোগ দিয়েছেন এবং সম্প্রতি বিদ্যালয়ের সকল শিক্ষক বর্তমান নির্বাহী কর্মকর্তা ডা. শামীম রহমানের সঙ্গে তার দপ্তরে দেখা করে এ ব্যাপারে প্রতিকার দাবি করেন। বিষয়টি জানাজানি হয়ে যাওয়ায় শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভ দেখা দেয়। এর প্রতিবাদে গতকাল সোমবার বেলা ১১টায় শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে কলেজ-সংলগ্ন গফরগাঁও-ময়মনসিংহ সড়ক প্রায় এক ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় ক্ষুব্ধ শিক্ষার্থীরা অধ্যক্ষ জোয়াহেরুলের অপসারণ দাবি করে স্লোগান দেয়। শিক্ষার্থীরা অভিযোগ করে, এ ঘটনার প্রতিবাদ করায় অধ্যক্ষ শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষায় ফেল করানোর হুমকি দিয়েছেন।

ওই নারী প্রভাষক জানান, অধ্যক্ষ দীর্ঘদিন ধরে তার সঙ্গে এ আচরণ করছেন। একবার পূর্ববর্তী উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন। সম্প্রতি বর্তমান নির্বাহী কর্মকর্তার সঙ্গে দেখা করে তিনি প্রতিকার চেয়েছেন।

অধ্যক্ষ মোহাম্মদ জোয়াহেরুল ইসলাম মোল্লা বলেন, কলেজের ভালোর জন্য শিক্ষা কার্যক্রম নিয়ে শিক্ষকদের চাপ দেওয়ায় তারা সবাই তার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন।

ইউএনও ও গফরগাঁও কারিগরি স্কুল অ্যান্ড কলেজের সভাপতি ডা. শামীম রহমান বলেন, 'আমি বিষয়টির খোঁজ নিয়েছি। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।'